# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩২ তারিখ: ১১ কার্তিক , ১৪২৯ বঙ্গাব্দ

২৭ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৭ অক্টোবর ২০২২ তারিখ সংযুক্ত আরব আমিরাতের স্থানীয় সময় বেলা ১১:০০ ঘটিকায় সংযুক্ত আরব আমিরাতের দুবাইতে সিকিউরিটিজ অ্যান্ড কমোডিটিজ অথোরিটি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং সিকিউরিটিজ অ্যান্ড কমোডিটিজ অথোরিটি, সংযুক্ত আরব আমিরাত (Securities and Commodities Authority, United Arab Emirates) এর মধ্যে একটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding-MoU) স্বাক্ষরিত হয়েছে।

সমঝোতা স্মারকটি স্বাক্ষর করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এবং Securities and Commodities Authority (SCA), United Arab Emirates এর প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) Her Excellency Dr. Maryam Buti AL Suwaidi। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

The Securities and Commodities Authority (SCA) সংযুক্ত আরব আমিরাতের একটি নিয়ন্ত্রক সংস্থা যা আমিরাতের সিকিউরিটিজ ও কমোডিটি বাজারকে নিয়ন্ত্রণ করে। একটি ন্যায্য এবং দক্ষ সিকিউরিটিজ এবং কমোডিটিজ বাজারের সুশৃঙ্খল বিকাশ নিশ্চিত করা সংস্থাটির প্রাথমিক কাজ।

এখানে উল্লেখ্য যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে মধ্যপ্রাচ্যের বিনিয়োগ আকর্ষণ, রপ্তানি বৃদ্ধি, বাণিজ্যিক সহযোগিতাসহ পারস্পারিক সম্পর্ক উন্নয়নের উদ্দেশ্যে গত ০৮ মার্চ ২০২২ ইং থেকে ১২ মার্চ ২০২২ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাত ভ্রমণ করেন। উক্ত সফরকালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর সাথে Securities and Commodities Authority (SCA), United Arab Emirates এর একটি বৈঠক অনুষ্ঠিত হয় যেখানে উভয় দেশের পুঁজিবাজার ও বিনিয়োগ সম্ভাবনা ও সুযোগ-সুবিধার পাশাপাশি বিএসইসি এবং SCA এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়। এর পরিপ্রেক্ষিতে উক্ত সমঝোতা স্মারকটি আজ স্বাক্ষরিত হল।

উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে উভয় দেশের পুঁজিবাজারে ডুয়েল লিস্টিং, বন্ড ইস্যু, জয়েন্ট সাবসক্রিপশন এবং কমোডিটি এক্সচেঞ্জ এর সুযোগ সৃষ্টি হবে। এছাড়াও পারস্পারিক যোগাযোগ বৃদ্ধি পাবে যা আইন কানুন প্রণয়ন, পুঁজিবাজারে কর্মরত লোকবলের দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ, পুঁজিবাজারে নতুন পণ্য এবং সেবা প্রণয়ন ইত্যাদি বিষয়ে সহায়ক ভূমিকা পালন করবে।

27-10-2022

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



